

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪২১

১/ বিবিধ

আরবী

من مثل بالشعر فليس له عند الله خلاق  
ضعيف

أخرجه الطبراني (3 / 105 / 1) حدثنا حجاج بن نصير، أخبرنا محمد بن مسلم، عن إبراهيم بن ميسرة، عن طاووس، عن ابن عباس مرفوعاً قلت: وهذا إسناد ضعيف من أجل حجاج هذا، قال الحافظ في "التقريب": ضعيف، كان يقبل التلقين والحديث قال في "المجمع" (8 / 121) رواه الطبراني وفيه حجاج بن نصير، وقد ضعفه الجمهور، ووثقه ابن حبان وقال: يخطيء، وبقية رجاله ثقات

বাংলা

৪২১। যে ব্যক্তি কবিতা দ্বারা উদাহরণ দিবে, তার জন্য আল্লাহর নিকট কোন অংশই থাকবে না।

হাদীসটি দুর্বল।

এটি তাবারানী (৩/১০৫/১) হাজ্জাজ ইবনু নুসায়ের হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাজ্জাজের কারণে সনদটি দুর্বল। তার সম্পর্কে হাফিয় ইবনু হাজার বলেনঃ তিনি দুর্বল। তিনি বিশুদ্ধকরণ ইঙ্গিত গ্রহণ করতেন।

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৮/২১২) বলেনঃ হাদীসটি তাবারানী বর্ণনা করেছেন, যাতে হাজ্জাজ ইবনু নুসায়ের

রয়েছেন। তাকে জামহুর দুর্বল আখ্যা দিয়েছেন। ইবনু হিব্বান তাকে নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। তিনি আরো বলেছেনঃ তিনি ভুল করতেন। তিনি ছাড়া অন্যান্য বর্ণনাকারীগণ নির্ভরশীল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68006>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন